


বিজ্ঞপ্তি

উপবৃত্তি প্রদান সংক্রান্ত ডাটা এন্ট্রি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, অর্থ বিভাগের BACS & IBAS++ স্কীম এর সহায়তায় উপবৃত্তি প্রদান সংক্রান্ত PESP MIS Software প্রস্তুত করেছে এবং ১৬/০৫/২০২২ তারিখ থেকে এন্ট্রির কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে ৬টি বিভাগের ৩৫ লক্ষ ডাটা এন্ট্রি কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী ২/১ দিনের মধ্যে বাকী ২ বিভাগের এন্ট্রি কার্যক্রম শুরু হবে। উল্লেখ্য, এন্ট্রিকৃত ডাটাসমূহ নির্বাচন কমিশনের সার্ভার কর্তৃক শিক্ষার্থীদের বাবা মায়ের এনআইডির সহিত ভেলিডেট করার সময় কিছুটা সময় প্রয়োজন হয়। মাঠ পর্যায়ের সমস্যাসমূহ চিহ্নিত করে ইতোমধ্যে কম্পিউটার কাউন্সিলের সহায়তায় IBAS++ কর্তৃক সার্ভারের সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে এবং সর্বোচ্চ গতিসীমার ইন্টারনেট ব্যান্ডউইথ ব্যবহার করা হচ্ছে। ডাটা এন্ট্রি কার্যক্রম বাধাগ্রস্ত হওয়ার আশংকা নেই। উল্লেখ্য, প্রত্যন্ত অঞ্চলের ব্যবহারকারীদের ইন্টারনেট গতি অনেক সময় কাঙ্ক্ষিত মানের না হওয়ায় ডাটা এন্ট্রির কাজে সময় বেশী লাগতে পারে। এখন প্রতিদিন কমপক্ষে ৪-৫ লক্ষ সুবিধাভোগীর ডাটা এন্ট্রি করা যাচ্ছে। এতদসত্ত্বেও ডাটা এন্ট্রিতে কারও কোন অসুবিধা হলে সংশ্লিষ্ট জেলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং হেল্পলাইনে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।



প্রকৌশলী অনুজ কুমার রায়
সিস্টেম এনালিস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন -২, মিরপুর, ঢাকা-১২১৬।



১০/৫/২২
(আলমগীর মুহম্মদ মনসুরুল আলম)
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর